# প্রশ্নোত্তরে রমযান ও ঈদ

বিভাগ/অধ্যায়ঃ ঈদ: সংজ্ঞা, প্রচলন ও হুকুম আহকাম

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

ঈদের খুৎবা শেষে দু'আ কি ইমাম সাহেবের সাথে জামাতবদ্ধভাবে নাকি একাকী-কোনটি সুন্নাত তরীকা?

সুন্নাত হলো একাকী মুনাজাত করা। ফরয, জুমু'আ ও ঈদের সালাতের পর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জীবনে কখনো ইমামের সাথ জামাতবদ্ধভাবে দু'আ করেননি। তবে বৃষ্টির সালাত, কুনূতে নাযিলা ও বিতরের সালাতের শেষে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইমাম ও মুক্তাদীরা জামাতবদ্ধ হয়ে দু'আ মুনাজাত করেছেন।

আর ফরয সালাতের পর যেহেতু দু'আ কবূল হয় সেহেতু আমাদেরও উচিৎ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সুন্নাত তারীকায় একাকী মুনাজাত করা। আর হৃদয়ের সমস্ত আবেদন নিবেদন ও হাজত সে মুহূর্তে আল্লাহর কাছে পেশ করা। চট্টগ্রামের হাটহাজারী কওমী মাদরাসা, টঙ্গীর বিশ্ব এজতেমা, নরসিংদীর জামেয়া কাসেমিয়া কামিল মাদরাসা, একই জেলার রায়পুরাস্থ সিরাজ নগর উম্মুল কুরা মাদরাসা, ও মাক্কা-মদ্বীনায় ইমাম-মুক্তাদীগণ ফরয সালাতের শেষে সম্মিলিত দু'আ করেন না। প্রত্যেকে একাকী দু'আ করে থাকেন। আর এটাই হল সুন্নাত তরীকা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2644

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন